

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১২৪

ভূমিকা পর্ব (كتاب المقدمة)

পরিচ্ছেদঃ ১৫. যুবাইর (রাঃ)-এর সম্মান

بَابِ فَضِلْ الزُّبَيْرِ رَضِيَ اللهُ عَنْهُ

#### আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، وَهَدِيَّةُ بْنُ عَبْدِ الْوَهَّابِ، قَالاَ حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةً، عَنْ أَبِيهِ، قَالَ قَالَتْ لِي عَائِشَةُ يَا عُرْوَةُ كَانَ أَبُوَاكَ مِنَ الَّذِينَ اسْتَجَابُوا لِلَّهِ وَالرَّسُولِ مِنْ بَعْدِ مَا أَصَابَهُمُ الْقَرْحُ أَبُو بَكْرٍ وَالزَّبَيْرُ.

#### বাংলা

৩/১২৪। উরওয়াহ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আয়িশাহ (রাঃ) আমাকে বললেন, হে উরওয়াহ! তোমার দুজন পিতৃপুরুষ সেই লোকেদের অন্তর্ভুক্ত ছিলেন, যাদের সম্পর্কে এ আয়াত নাযিল হয়েছে (অনুবাদ) যারা ক্ষত্ত বিক্ষত হওয়ার পরও আল্লাহ ও তাঁর রাসূলের ডাকে সাড়া দিয়েছে (সূরাহ আল ইমরানঃ ১৭২)। অর্থাৎ আবূ বকর ও যুবায়র।

### **English**

It was narrated from Hisham bin 'Urwah that his father said:

"Aishah said to me: 'O 'Urwah, your two fathers were of those who answered (the Call of) Allah and the Messenger (Muhammed) after being wounded," (they were) Abu Bakr and Zubair."

## ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: বুখারী ৪০৭৭, মুসলিম ২৪১৮। তাহক্বীক্ব আলবানী: সহীহ। উক্ত হাদিসের রাবী হাদীইয়াহ বিন আবদুল ওয়াহহাব সম্পর্কে আবু বাকর বিন আবু আসিম ও ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ তবে ইবনু হিব্বান তাকে সিকাহ বললেও অন্যত্র তিনি তার ব্যাপারে বলেন, তিনি হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন